| | | | |
|---|---|---|---|
| | লালপুর বাইপাস রাস্তার অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর জানান যে, লালপুর বাজারের পানি নিষ্কাশনের জন্য ড্রেন পরিস্কার করার পরামর্শ দেন। এছাড়াও তিনি জানান যে, লালপুর বাজারে পানি নিষ্কাশনের জন্য ইতোমধ্যে ড্রেন নির্মানের কাজ করা হয়েছে এবং প্রয়োজনে আরো ড্রেন নির্মান করা হবে। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অবৈধ ইটভাটা বন্ধের প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | সদস্যদের পরামর্শ দেওয়া হলো। | |
| | ৪. ডেপুটি জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, লালপুর মাদকমুক্ত এবং সন্ত্রাসমুক্ত সমাজ গড়ে তোলার এবং যুব সমাজকে মাদক ও সন্ত্রাস হতে দূরে রাখার জন্য খেলা-ধুলার পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে লালপুর উপজেলায় অবস্থিত শহিদ মমতাজ উদ্দিন স্টেডিয়ামটি সচল/চালু করার অনুরোধ জানান। এছাড়াও তিনি জানান যে, বর্তমানে লোডশেডিং নেই এবং তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানে খেলা-ধুলার পরিবেশ তৈরি করার নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষার অফিসার, লালপুরকে অনুরোধ জানান। | ১. শহিদ মমতাজ উদ্দিন স্টেডিয়ামটি সচল রাখার জন্য বিভিন্ন খেলা-ধুলা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, লালপুরকে পরামর্শ দেওয়া হলো।<br>২. সকল শিক্ষা প্রতিষ্ঠানে খেলা-ধুলার পরিবেশ তৈরি করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার এবং সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, লালপুর, নাটোর। |
| | ৫. জনাব মোঃ আবু সাঈদ, কোষাধ্যক্ষ, লালপুর বণিক সমিতি, লালপুর জানান যে, খরা মৌসুমে লালপুর বাজারে সাধারণ টিউবওয়েলে পানি উঠে না। ফলে বাজারের লোক-জনের পানির সমস্যা হয়। তাই তিনি লালপুর বাজারে খরা মৌসুমে পানীয় পানির সমস্যা দূরকরণের জন্য সরকারি একটি সাব-মার্সিবল স্থাপনের/বসানোর অনুরোধ জানান। | লালপুর বাজারে খরা মৌসুমে পানীয় পানির সমস্যা দূরকরণের লক্ষ্যে বিধি মোতাবেক একটি সাব-মার্সিবল টিউবওয়েল স্থাপনের/বসানোর জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালপুর, নাটোরকে পরামর্শ দেওয়া হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালপুর, নাটোর |
| | ৬. জনাব মোঃ আফতাব হোসেন ঝুলফু, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, লালপুর সভায় জানান যে, বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো বলেন দীর্ঘ ২ বছর পর মানুষ এবার আনন্দের সাথে ঈদ উদযাপন করেছেন। তিনি সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা জানান। | - | - |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( শামীমা সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

